## 

তাঁর নাম ও উপাধি এবং পরিচিতিঃ মুহাম্মদ ইবনে আলী ইবনে মুহাম্মদ ইবনে আল-আরাবী আবু বকর মহিউদ্দিন আল-হাতিমী আল-তাই আল-আন্দালুসী আল-মুসী আল দামেস্কি।

তার নাম মুহাম্মদ, বাবা আলী ও দাদা মুহাম্মদ। তিনি আরব বংশীয় ছিলেন বলে আল–আরাবী বলে পরিচিত। দীন ইসলামের নবজীবন দান করেছেন বলে তিনি মহিউদ্দিন বলে আখ্যায়িত হন।

ইয়ামেনের মহান দানবীর হাতেমতাই তার পূর্ব পুরুষ ছিলেন বলে তাকে আল-হাতেমী আল-তাই ডাকা হতো। তাঁর জন্ম হয় আন্দালুসিয়া তথা বর্তমান স্পেনের মুর্সিয়া নগরীতে এবং ওফাত লাভ হয় সিরিয়ার দামেস্কে। এ কারণেই তিনি আল-আন্দালুসি, আল-মুর্সী এবং&আল-দামেস্কি। দামেস্ক শহরের উত্তরাংশে সালেহিয়া নামক স্থানে তার মাজার অবস্থিত, যা হাজার হাজার ভক্ত, আশেক, গবেষক ও আধ্যাত্মিক পন্ডিতের জিয়ারত গাহে পরিণত রয়েছে। তিনি ৫৬০ হিজরিতে (১১৬৪ খ্রি.) জন্মগ্রহণ করেন এবং প্রায় ছিয়াত্তর বছর জীবন ধারণের পর ৬৩৮ হিজরিতে (১২৪০ খ্রি.) এ নশ্বর জাহান থেকে বিদায় নেন।

অনলাইনে দেখার জন্য স্ক্যান করুন:

